# সোনালী ব্যাংক পিএলসি

~~বিশ্বস্ত ও স্মার্ট~~ নর্থ সাউথ রোড শাখা, ঢাকা

=====================================================================

অর্থঋণ আদালত আইন- ২০০৩ (সংশোধন ২০১০) এর ৩৩ (৫) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনালী ব্যাংক পিএলসি, নর্থ সাউথ রোড শাখা, ঢাকা এর ঋণগ্রহীতা/ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স ডেইজী প্রোডাক্টস, ঠিকানাঃ ৩২ নং মালিটোলা, থানা-বংশাল, জেলা-ঢাকা।

স্বত্বাধিকারীঃ জনাব আব্দুল গাফফার হাওলাদার (দুলাল), পিতা- মোঃ আব্দুল জব্বার হাওলাদার, বর্তমান ঠিকানা- ৩২ নং মালিটোলা, থানা-বংশাল, জেলা-ঢাকা; স্থায়ী ঠিকানাঃ গ্রাম- কোলচবী, শ্যামরায়, থানা- মেহেন্দীগঞ্জ, জেলা-বরিশাল।

খেলাপী ঋণগ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স ডেইজী প্রোডাক্টস এর নিকট আদালতের ডিক্রিমতে ৩১/০১/২০২৪ তারিখ পর্যন্ত ১৫,৯৭,২৫১.০২ (পনের লক্ষ সাতানব্বই হাজার দুইশত একান্ন টাকা দুই পয়সা ও আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত বিজ্ঞ যুগ্ম জেলা জজ, অর্থঋণ আদালত-১, ঢাকা কর্তৃক ৩৩ (৫) ধারার বিধান মোতাবেক ডিক্রিদার সোনালী ব্যাংক পিএলসি, নর্থ সাউথ রোড শাখা, ঢাকার অনুকূলে দখল ও ভোগের অধিকার সংক্রান্ত সার্টিফিকেট প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছেঃ

## বন্ধকিকৃত জামানতের তফসিল-কঃ

জিলা- ঢাকা, থানা- সাভার, মৌজা- মুশুরীখোলা, জে.এল নং সি,এস-৭৩৭, এসএ- ২৫৫, আর,এস- ২২৮, খতিয়ান নং- সি.এস- ১৭৯, এস.এ- ৩৬২, আর.এস- ২০০, নামজারী খতিয়ান নং ২০০/কাত, জোত নং ২২০৮, দাগ নং- সি.এস- ৬০১, এস.এ- ১১৯৭, আর.এস- ১১৪৬। জমির পরিমাণ ১৫.০০ (পনের) শতাংশ। যাহার চৌহদ্দিঃ উত্তরেঃ চান মিয়া, দক্ষিণে- দাতা নিজ, পূর্বে-আঃ ছাত্তার, পশ্চিমেঃ সরকারী হালট। মালিক জনাব আব্দুল গাফফার হাওলাদার (দুলাল)।

## বন্ধকিকৃত জামানতের তফসিল-খঃ

জিলা- ঢাকা, থানা- সূত্রাপুর, মৌজা- গেন্ডারিয়া, জেএল নং- সি.এস-৩৩৮, এস.এ- ১৪৮, আর.এস- ১৯, ঢাকা সিটি জরিপে- ২৫, খতিয়ান নং- সি.এস- ৪২, এস.এ- ৮৭, আর.এস- ১০০, ঢাকা সিটি জরিপে-১০০২, নামজারী খতিয়ান নং ১৪৯৮, জোত নং ১৭৭/৮, দাগ নং- সি.এস- ২৪২, এস.এ- ২৪২, আর.এস- ১২৩০, ঢাকা সিটি জরিপে- ১৭২৪। জমির পরিমাণ ৬.০০ (ছয়) শতাংশ। যাহার চৌহদ্দিঃ উত্তরেঃ বাকু মিয়া, দক্ষিণে- মনসুর আলী, পূর্বে-আঃ ছাত্তার, পশ্চিমেঃ আলী হোসেন । মালিক জনাব আব্দুল গাফফার হাওলাদার (দুলাল)।

শর্তসমূহ ঃ

০১) আগামী ২৮/০৫/২০২৫ তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, ঢাকা সাউথ, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৩.১৫ ঘটিকার সময় দবপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| | আর্নেষ্ট মানি/ জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/ সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমূদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/ মালামাল সংক্রান্ত সরকারী কর/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/ পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি
নর্থ সাউথ রোড শাখা, ঢাকা।
মোবাইলঃ ০১৭৭০৭৯০০০৮।